'ছেলে হোক মেয়ে হোক দু'টি সন্তানই যথেষ্ট'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা অফিস
বগুড়া সদর, বগুড়া

স্মারক নং-উপপ/বগ/সদর/২০২১/২০৩২ তারিখ : ৩১/৮/২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এর স্মারক নং পপঅ/সিসিএসডিপি /ppv-প্রশা-২৮২/২০১৮/৬৮৮/১(৬০)তারিখ : ২১/০৬/২০২১ খ্রিঃ মোতাবেক বগুড়া সদর উপজেলার ইউনিট ভিত্তিক 'কাজ নাই ভাতা নাই' ভিত্তিতে paid peer Volunteer নিয়োগের জন্য বগুড়া সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের নির্দিষ্ট ইউনিটের স্থায়ী বাসিন্দাদের নিকট নিম্নোক্ত শর্ত স্বাপেক্ষে মেডিকেল অফিসার (এমসি এইচ-এফপি)ও সদস্য সচিব নিয়োগ বাছাই কমিটি বগুড়া সদর বরাবরে নিম্নে উল্লেখিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে সরখাস্ত আহবান করা যাচ্ছে ।

ক্রঃ	গদের নাম ও বেতন	ইউনিয়ন/পৌরসভা এর নাম ও সংখ্যা	ইউনিট/ওয়ার্ড নং	যে সকল এলাকার স্থায়ী বাসিন্দার প্রার্থীগণ আবেদন করতে পারবেন	শিক্ষাগত যোগ্যতা অভিজ্ঞতা ও অন্যান্য
১.	Paid peer Volunteer ভাতাঃ সাধারণ এলাকায় দৈনিক যাতায়াত ভাতা বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও নাস্তা বাবদ ১০০/- (একশত) টাকা মাত্র ।	গোকুল ০২ (দুই) জন	৩/ক	ঢেঙ্গামারা (বালাপাড়া, নতুনপাড়া তালুকদারপাড়া, দহপাড়া, পশ্চিমপাড়া, পুরানবাড়ী, উত্তরপাড়া) বাঘোপাড়া (সুলতানপাড়া, দক্ষিণপাড়া, মন্ডলপাড়া, পূর্বপাড়া, মধ্যপাড়া, সাতঘরপাড়া বলিরবাড়ী)	নুন্যতম এসএসসি পাশ ।
			৩/খ	বাঘোপাড়া (ধাপপাড়া, উত্তরপাড়া), রামশহর (পূর্বপাড়া, মধ্যপাড়া, পীরপাড়া, উত্তরপাড়া)	
			১/গ	মগলিশপুর, জয়পুরপাড়া	
		নিশিন্দারা ০৩ (তিন) জন	২/ক	ফুলবাড়ী (উত্তরপাড়া, মধ্যপাড়া, হাসেন হাজীর মোড় পর্যন্ত)	
			৩/খ	নিশিন্দারা (পশ্চিমপাড়া, উত্তরপাড়া, মধ্যপাড়া, আকন্দপাড়া)	
		ফাঁপোর ০৪ (চার) জন	১/খ	আপুইল, পাটিতাপাড়া, কাঁনোড়	
			২/ক	পুরান বগুড়া, পূর্বপালশা	
			৩/ক	মালগ্রাম (চাপরপাড়া, দক্ষিণপাড়া, মধ্যপাড়া), ছিলিমপুর (দক্ষিণপাড়া রফিক এর বাড়ী পর্যন্ত)	
			৩/খ	বেলাইল, হরিগাড়ি, ছিলিমপুর (দক্ষিণপাড়া রফিক এর বাড়ীর পর থেকে)	
		শাখারিয়া ০১ (এক)জন	২ নং ওয়ার্ড	কদিমপাড়া, শাখারিয়া, তিলেরপাড়া	
		সাবগ্রাম ০৩ (তিন) জন	১/গ	চেলোপাড়া (উত্তর চেলোপাড়া, মধ্য চেলোপাড়া, দক্ষিণ চেলোপাড়া)	
			২/ক	সাবগ্রাম, আকাশতারা	
			২/খ	চাঁদপাড়া চকআলম, চকবনাই	
		নুনগোলা ০১ (এক) জন	৩/ক	আশোকোলা (পূর্বপাড়া, পশ্চিমপাড়া, মধ্যপাড়া, দক্ষিণপাড়া, ঘাসুড়াপাড়া)	
		নামুজা ০২ (দুই) জন	১/ক	ভাগুরীপাড়া, সাহাপাড়া, চকরামপুর, মসজিদ পাড়া	
			২নং ওয়ার্ড	নামুজা নাথপাড়া, বর্মপুর, ছোট টেংরা, বড় টেংরা, হুকমাপুর, সাদনা	
		রাজাপুর ০১ (এক) জন	১নং ওয়ার্ড	ডাকুরচক, হাটিলাপুর, মানিকচক	
		এরুলিয়া ০১ (এক) জন	২/ক	বানদিঘী (আমবাড়িয়া, পশ্চিমপাড়া, খানবাড়ী, পূর্বপাড়া, উজ্জলপাড়া, সাকিদারপাড়া, সোনারপাড়া, ফকিরপাড়া, পাইকপাড়া, ইছাদপুরপাড়া, বরালতলা, হাপুনিয়া)	
		বগুড়া পৌরসভা ০৪ (চার) জন	১নং ওয়ার্ড	সুলতানগঞ্জ পাড়া, উপশহর, নিশিন্দারা, চাপরপাড়া, নামাজগড়, শাহপাড়া	
			৩নং ওয়ার্ড	কাটনারপাড়া, শিববাটী	
			৫নং ওয়ার্ড	বাদুড়তলা, বড়গোলা, নামাজগড়	
			৬নং ওয়ার্ড	চেলোপাড়া, নাটাইপাড়া	
		সর্বমোট=২২ (বাইশ)টি			

১. ***কাজের বিবরণঃ***
(ক) সংশ্লিষ্ট পরিবার কল্যাণ সহকারী কর্তৃক দায়িত্ব প্রাপ্ত এলাকার বাড়ি পরিদর্শন, কাউন্সেলিং/মোটিভেশন প্রদান ।
(খ) স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহণ ইচ্ছুকদের নিকটস্থ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র/উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ রেফার করা ।
(গ) নব বিবাহিত দম্পতিদের তথ্য সংগ্রহ ও পরিবার পরিকল্পনা পদ্ধতি সম্পর্কিত কাউন্সেলিং ।
(ঘ) স্থায়ী ও দীর্ঘমেয়াদী গ্রহীতাদের নিয়মিত ফলোআপ জটিলতার জন্য চিকিৎসকের নিকট প্রেরণ ।
(ঙ) গর্ভবতীদের তালিকা সংগ্রহ, হালনাগাদ করা, গর্ভকালীন সেবার জন্য রেফার এবং প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনার পদ্ধতির জন্য উদ্বুদ্ধ করা
(চ) কর্ম এলাকায় পরিবার পরিকল্পনা পরিদর্শক ও পরিবার কল্যাণ সহকারীর সমন্বয়ে উঠান বৈঠক অনুষ্ঠিত করা ।
(ছ) ইউনিয়ন পর্যায়ে পাক্ষিক ও মাসিক সভায় অংশ গ্রহণ করা ।
(জ) নির্দিষ্ট ছকে সংশ্লিষ্ট ইউনিয়নের পরিবার কল্যাণ সহকারীর নিকট রিপোর্ট প্রদান করা ।
(ঝ) নির্ধারিত কর্ম এলাকায় সপ্তাহে ৫ (পাঁচ) দিন ফিল্ড ভিজিট ও প্রতিদিন ১৫-২০জোড়া যুব দম্পতিদের কাউন্সেলিং করা । মাসে সর্বোচ্চ ২১-২২দিন ফিল্ড ভিজিট/ক্লায়েন্ট রেফার করা ।
(ঞ) প্রতি মাসে ১ দিন ১৫-২০জোড়া যুব দম্পতিদের নিয়ে উঠান বৈঠক করতে হবে এবং হাজিরা দিতে হবে ।
(ট) বাড়ী পরিদর্শনের দিন ব্যতিরেকে যে কোন দিন ক্লায়েন্ট রেফার করবেন এবং বিধি মোতাবেক রেফারাল ফি প্রাপ্ত হবেন ।

২ । আগামী ২০/০৯/২০২১ তারিখে প্রার্থীর বয়স সীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে । তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যাপুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর । বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

৩ । সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে ।

৪ । নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধানও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে ।

৫ । প্রার্থীর যোগ্যতা যাচাইঃ
(ক) বিজ্ঞপ্তিতে উল্লেখিত কর্ম এলাকার/ইউনিটের মহিলা স্থায়ী বাসিন্দা এবং বিবাহিত হতে হবে । বিবাহিত এর প্রমানক হিসাবে কাবিন নামায/বিবাহ রেজিষ্ট্রি এর সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে ।
(খ) নূন্যতম এসএসসি পাশ ।
(গ) শারীরিক ও মানসিক ভাবে সুস্বাস্থ্যের অধিকারী (যোগদানের সময় মেডিকেল সার্টিফিকেট দিতে হবে ।)
(ঘ) সমাজ কল্যাণ মূলক কাজ করতে আগ্রহী হতে হবে ।
(ঙ) বয়স অনূর্ধ ১৮ থেকে ৩০ বছর হতে হবে । মুক্তিযোদ্ধার/মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যার বয়স ১৮ থেকে ৩২ বছর হতে হবে ।
(চ) স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সংক্রান্ত পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে ।
(ছ) সন্তুষ্ট LARC and PM গ্রহীতাদের অগ্রাধিকার দেয়া হবে ।
(জ) দুই সন্তানের অধিক সন্তান বিশিষ্ট প্রার্থী অযোগ্য হিসেবে বিবেচিত হবে ।
(ঝ) মুক্তিযোদ্ধা পোষ্যদের সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে ।
(ঞ) ভবিষ্যতে তথ্যের গড়মিল পাওয়া গেলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে ।

৬ । প্রার্থীগণকে নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ১ (এক) সেট আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে । উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় বগুড়া সদর বগুড়া এ সরাসরি/ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে আবেদন পত্র জমা দিতে হবে ।
(ক) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন ছবি (সত্যায়িত) ০১ (এক) কপি প্রবেশ পত্রে আঠা দিয়ে সংযুক্ত করতে হবে ।
(খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ।
(গ) প্রার্থী যে ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র/চারিত্রিক সনদপত্র ।
(ঘ) জাতীয় পরিচয়পত্র কপি/জন্ম সনদপত্র কপি ।
(ঙ) অভিজ্ঞতা (সমাজ কল্যাণ মূলক/চাকুরী) সত্যায়িত সনদপত্র (যদি থাকে)
(চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা ও পুত্র-কন্যারপুত্র কন্যা হলে এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ (আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক অবশ্যই উল্লেখ করতে হবে ।)
(ছ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তিবার্তা/ভারতীয় তালিকার ছায়ালিপি প্রদান করতে হবে ।

৭ । নির্ধারিত আবেদন পত্র ও প্রবেশ পত্রের ছক উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় বগুড়া সদর বগুড়া হতে সংগ্রহ করতে পারবে । অস্পষ্ট, ত্রুটিপূর্ণ ও অসম্পন্ন ও প্রার্থীর স্বাক্ষর বিহীন আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে ।

৮ । ১০০ (একশত) নম্বরের মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে ।

৯ । আবেদনপত্র প্রেরণের খামের উপর নিজ ইউনিয়ন ও বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে । আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও পূর্ণঠিকানা উল্লেখ পূর্বক ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫০x৪.৫০ ইঞ্চি বিশিষ্ট ফেরত খামযুক্ত করতে হবে ।

১০ । নিয়োগপ্রাপ্তদের Paid Peer Volunteer হিসাবে বছর ভিত্তিক নবায়ন এবং নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ৩০/০৬/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত সময় কালের জন্য নিয়োগ প্রদান করা হবে"
(ক) অর্পিত দায়িত্ব পালন এবং কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করতে পারবে ।
(খ) প্রতিমাসে Paid Peer Volunteer গণের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হবে । একাধারে ০৪ (চার) মাস অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিলের ব্যবস্থা নিবেন ।
(গ) স্বেচ্ছায় দায়িত্ব হতে অব্যাহতি নিতে চাইলে কর্তৃপক্ষকে ০১ (এক) মাস পূর্বে অবাহিত করতে হবে ।
(ঘ) অধিদপ্তর হতে সরবরাহকৃত পোশাক পরিধান করে কর্ম এলাকায় কাজ করতে হবে এবং নিজ এলাকায় অবস্থান করতে হবে ।
(ঙ) পরিবার পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ Paid Peer Volunteer গণের কার্যক্রম মনিটরিং ও সুপারভিশন করবেন ।

১১ । পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় বগুড়া সদর বগুড়া এবং উপজেলা পরিষদ, বগুড়া সদর, বগুড়া এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে ।

১২ । আবেদন পত্র মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)ও সদস্য সচিব Paid Peer Volunteer নিয়োগ বাছাই কমিটি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বগুড়া সদর বরাবরে লিখতে হবে এবং উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় বগুড়া সদর, বগুড়া এ আগামী ২০/০৯/২০২১ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে (ছুটির দিন ব্যতিত) ডাকযোগে/সরাসরি পৌছাতে হবে । নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন পত্র গৃহীত হবে না ।

১৩ । কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

(ডাঃ মোঃ আব্দুল মান্নান মিয়া)
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
ও
সদস্য সচিব
Paid Peer Volunteer নিয়োগ বাছাই কমিটি
বগুড়া সদর, বগুড়া ।
ফোন : ০৫১-৬০৫৪০

ডিজি-১৭৫৪/২১ (২০"×৩)